

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৬, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই জুন, ২০১০/২রা আষাঢ়, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ই জুন, ২০১০ (২রা আষাঢ়, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ২৮ নং আইন

ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুষ্ক, আবগারী ও ভ্যাট)  
নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুষ্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ (২০০০ সনের ২০ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুষ্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০০ সনের ২০ নং আইনের ধারা ৮ এর বিলুপ্তি।—ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুষ্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ (২০০০ সনের ২০ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৮ বিলুপ্ত হইবে।

( ৬১৫১ )

মূল্য : টাকা ২.০০

৩। ২০০০ সনের ২০ নং আইনের তফসিলের সংশোধন।—উক্ত আইনের তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“তফসিল

[ ধারা ২ (ঙ) দ্রষ্টব্য ]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	<u>প্রথম শ্রেণীর</u> <u>গেজেটেড পদ ঃ</u> রাজস্ব কর্মকর্তা (Revenue Officer)	-	সহকারী রাজস্ব কর্মকর্তা (Assistant Revenue Officer) হইতে পদোন্নতির মাধ্যমে	কলাম ৪-এ উল্লিখিত ফিডার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।
২।	<u>দ্বিতীয় শ্রেণীর</u> <u>গেজেটেড পদ ঃ</u> সহকারী রাজস্ব কর্মকর্তা (Assistant Revenue Officer)	অনূর্ধ্ব ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	(ক) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী বা এইচএসসি পরীক্ষা পাশের পর ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রী বা সমমানের ডিগ্রী। <u>পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে ঃ</u> জাতীয় রাজস্ব বোর্ড ও উহার অধঃস্তন শুল্ক ভবন, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, পরিদপ্তর ও শুল্ক, আবগারী ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমী এর— (ক) অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী, সাঁটলিপিকার, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, টার্মিনাল অপারেটর, পরিসংখ্যান অনুসন্ধানক, লাইব্রেরীয়ান, এ্যাকাউন্টেন্ট, ক্যাশিয়ারের এক বা একাধিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; বা

১	২	৩	৪	৫
				<p>(খ) অফিস সহকারী, নব্বাবিদি, পাঞ্চকর্ড অপারেটর, পেশকার বা রেকর্ড কিপার পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকরি; বা</p> <p>(গ) সাব-ইন্সপেক্টর পদে অনূন ৪ (চার) বৎসরের চাকরি অথবা উক্ত পদের অভিজ্ঞতাসহ সিপাই পদে অনূন ১০ (দশ) বৎসরের চাকরি; বা</p> <p>(ঘ) স্টোর কিপার, টেলিফোন অপারেটর, রেডিও অপারেটর, ডিএমও বা সিপাই পদে অনূন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং</p> <p>“(ঙ) প্যারা (ক), (খ), (গ) ও (ঘ)-এ বর্ণিত অভিজ্ঞতার পাশাপাশি স্নাতক ডিগ্রীসহ বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।”।</p>

আশফাক হামিদ  
সচিব।